# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪৫

১/ বিবিধ

আরবী

يقوم الرجل للرجل، إلا بني هاشم فإنهم لا يقومون لأحد

موضوع

رواه الطبراني في " المعجم الكبير " (8 / 289 / 7946) وأبو جعفر الرزاز في " ستة مجالس من الأمالي " (ق 232 / 2) عن جعفر بن الزبير عن القاسم عن أبي أمامة مرفوعا

قال الهيثمي في " المجمع " (8 / 40) بعدما عزاه للطبراني: وفيه جعفر بن الزبير، وهو متروك

قلت: بل هو كذاب وضاع، وقد سبقت له عدة أحاديث هو المتهم بها، ولذلك كذبه شعبة وقال: وضع على رسول الله صلى الله عليه وسلم أربع مئة حديث

ومما يدل على وضع هذا الحديث أنه يقرر عادة تخالف ما كان عليه الصحابة مع النبي صلى الله عليه وسلم وهو سيد بني هاشم فإنهم كانوا لا يقومون له صلى الله عليه وسلم لما يعلمون من كراهيته لذلك، كما سيأتي في الحديث الذي بعده، وخير الهدي هدي محمد صلى الله عليه وسلم، على أنه قد جاء ما يخالف هذا الحديث نصا، ولكن إسناده ضعيف عندنا فلا يحتج به وهو الآتي بعده

ثم وجدت للحديث طريقا آخر، فقال ابن قتيبة في " كتاب العرب أو الرد على الشعوبية " (292 ـ من رسائل البلغاء) : وحدثني يزيد بن عمرو عن محمد بن يوسف عن أبيه عن إبراهيم عن مكحول مرفوعا نحوه

قلت: وهذا سند ضعيف لا تقوم به حجة، وفيه علتان
الأولى: الإرسال، فإن مكحولا تابعي
والأخرى: يزيد بن عمرو شيخ ابن قتيبة، فلم أعرفه
ثم وجدت له طريقا ثالثا بلفظ: " لا يقومن أحد ... " وسيأتي، ويعارضه الحديث الآتي

বাংলা

৩৪৫। বানু হাশেমরা ছাড়া এক ব্যক্তি অন্য ব্যক্তির জন্য দাড়াবে। তারা কারো জন্য দাঁড়াবে না।

হাদিসটি জাল।

এটি তাবারানী "মুজামুল কাবীর" গ্রন্থে (৮/২৮৯/৭৯৪৬) এবং আবু জাফার রাযায "সিত্তাতু মাজালিস মীনাল আমলী" গ্রন্থে (কাফ ২/২৩২) জাফার ইবনু যুবায়ের হতে ... বর্ণনা করেছেন।

হায়সামী “আল-মাজামা” গ্রন্থে (৮/৪০) বলেনঃ এটির সনদে জাফার ইবনু যুবায়ের রয়েছেন, তিনি মাতরূক।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি মিথ্যুক, জালকারী। তার কতিপয় হাদীস পূর্বেও গেছে, সেগুলো তিনিই তৈরি করেছেন। এ জন্য শুবা তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। তিনি আরো বলেছেনঃ তিনি রসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর উপর চার শত হাদীস জাল করেছেন।

এ হাদীসটির আরো একটি সূত্র পেয়েছি, যেটি ইবনু কুতাইবা “কিতাবুল আরাব...” গ্রন্থে উল্লেখ করেছেন। এটির বর্ণনাকারী ইয়াযীদ ইবনু আমর ... মাকহুল হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ দুর্বল। দুটি কারণে তার দ্বারা দলীল সাব্যস্ত হয় নাঃ

১। এটি মুরসাল; কারণ মাকহুল তাবেঈ।
২। ইবনু কুতাইবার শাইখ ইয়াযীদ ইবনু আমরকে চিনি না।

এটি অন্য একটি সূত্রেও বর্ণিত হয়েছে। সেটি সম্পর্কে আলোচনা সামনে আসবে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67930

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন